দৈনিক ইনকিলাব

তারিখ ... 15 MAR 1996
পৃষ্ঠা ৩ কলাম 2

# ইসলামিক বিশ্ববিদ্যালয়ে অনার্সে ভর্তিতে অনিয়মের অভিযোগ

ইবি রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয় ১৯৯৫/৯৬ শিক্ষাবর্ষে অনার্স ১ম পর্বে ভর্তি কার্যক্রমে ব্যাপক অনিয়ম ও স্বজনপ্রীতির অভিযোগ পাওয়া গেছে। বিশেষ করে মেধা তালিকা থেকে নির্ধারিত আসনে ভর্তির পর শূন্য আসনগুলোতে অপেক্ষমান তালিকা থেকে ভর্তির বেলায় তালিকার ক্রমমান লংঘন এবং শিক্ষক কর্মকর্তা-কর্মচারীদের পোষ্যদের ভর্তির ক্ষেত্রে ব্যাপক দুর্নীতির অভিযোগ রয়েছে। তাছাড়া কয়েকটি বিভাগে অপেক্ষমান তালিকা টা[illegible] হয়নি বলে ভর্তিচ্ছুক কয়েকজন ছাত্র লিখিত অভিযোগ করেছে। আল-কুরআন বিভাগে ওয়েটিং তালিকা থেকে ১, ২, ৩, ৫, ৬, ৭, ৮ ও ৯ ক্রমিকধারীদের ভর্তির পর ১২ নং ছাত্রের উপস্থিতিতে ৬২ নং ছাত্রকে ভর্তি করা হয়েছে। ১২ নং ছাত্র মোঃ কেরামত আলী রোল নং ৬৮২ (ভর্তি পরীক্ষার)। ঘটনাটি লিখিতভাবে 'ক' ইউনিট সমন্বয়কারীর নিকট জানায়। এ বিষয়টি আল-কুরআন বিভাগের চেয়ারম্যান তাহির আহমদের কাছে জানতে চাওয়া হলে তিনি সত্যতা স্বীকার করে বলেন- "১২ নং ছাত্রটিকে অন্য কোনো বিভাগে ভর্তি করা যায় কি-না তা দেখছি।" তাছাড়া শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যদের ভর্তির বেলায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে শতকরা ৩৩ নম্বর পেতে হবে বলে বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে। যা অনেকেই পায়নি বলে সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে। প্রতিবারের মত এবারও খেলোয়ার কোটায় ২০ জন ছাত্র-ছাত্রীর ভর্তির ক্ষেত্রে স্বজনপ্রীতি ও অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।